



বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ইইএফ ইউনিট

www.bb.org.bd

ইইএফ সার্কুলার লেটার নং-০১/২০১৮

তারিখঃ ২৪ আশ্বিন, ১৪২৫ বঙ্গাব্দ
০৯ অক্টোবর, ২০১৮ খ্রীষ্টাব্দ

প্রধান নির্বাহী কর্মকর্তা/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশের সকল তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান,
সোনালী ইনভেস্টমেন্ট লি: এবং আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লি:

প্রিয় মহোদয়,

**অনুদ্যাপ্যনারশীপ সাপোর্ট ফান্ড (ইএসএফ) এর আওতায় খাদ্য প্রক্রিয়াজাতকরণ ও কৃষিভিত্তিক
এবং আইসিটি প্রকল্প স্থাপনের লক্ষ্যে ইএসএফ ঋণ গ্রহণের নিমিত্তে EOI দাখিল প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ে গত ০৫ আগস্ট, ২০১৮ খ্রীষ্টাব্দ/ ২১ শ্রাবণ, ১৪২৫ বঙ্গাব্দ তারিখে ইস্যুকৃত ইইএফ সার্কুলার নং-৩৫/২০১৮
ও তদসংযুক্ত "Entrepreneurship Support Fund (ESF)" সংক্রান্ত খাদ্য প্রক্রিয়াজাতকরণ ও কৃষিভিত্তিক
এবং আইসিটি প্রকল্প সংশ্লিষ্ট নীতিমালা, ২০১৮ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

বাস্তবতার নিরিখে উক্ত ESF নীতিমালা, ২০১৮ এর খাদ্য প্রক্রিয়াজাতকরণ ও কৃষি ভিত্তিক প্রকল্প বিষয়ক "প্রকল্প
মূল্যায়ন কমিটি (PAC)" এর গঠন সম্পর্কিত পরিশিষ্ট "৩" এর ক্রমিক নং "৫" এ বর্ণিত নির্দেশনায় নিম্নোক্ত সংশোধনী আনয়ন
করা হলঃ

বিদ্যমান নির্দেশনা	সংশোধিত নির্দেশনা
BARC কর্তৃক মনোনীত প্রাণি সম্পদ বিষয়ক পেশাদারী ও শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন একজন প্রতিনিধি।	প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক মনোনীত প্রাণিসম্পদ বিষয়ক পেশাদারী ও শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন একজন প্রতিনিধি।

উক্ত সার্কুলারের অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার এবং বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(পরিমল চন্দ্র চক্রবর্তী)

মহাব্যবস্থাপক

ইইএফ ইউনিট, বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা

ফোনঃ ৯৫৩০২১২

e-mail: parimalchakraborty@bb.org.bd